DEC. 27 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক ইত্তেফাক

# বুয়েটে আন্তর্জাতিক যন্ত্রকৌশল সম্মেলন ও প্রদর্শনী শুরু

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) ৪ দিনব্যাপী আন্তর্জাতিক যন্ত্রকৌশল সম্মেলন ও প্রদর্শনীর উদ্বোধন অনুষ্ঠানে গতকাল বুধবার তথ্যমন্ত্রী ডঃ আব্দুল মঈন খান বলেছেন, নতুন শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলায় বিজ্ঞানীদের আরো দক্ষতা অর্জন করতে হবে। সমাজের মানুষের প্রতি তাদের রয়েছে অনেক দায়িত্ব ও কর্তব্য। সম্মেলনের সাংগঠনিক কমিটির চেয়ারম্যান অধ্যাপক এমএ তাহের আলীর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে বুয়েটের ভিসি অধ্যাপক ডঃ নূরউদ্দীন আহমদ বলেন, বাংলাদেশের শিল্প উন্নয়নের ক্ষেত্রেও প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের যন্ত্রকৌশল বিভাগ অবদান রেখে চলেছে। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বুয়েটের যন্ত্রকৌশল বিভাগের চেয়ারম্যান অধ্যাপক এমএ রশিদ সরকার, অধ্যাপক আশরাফুল ইসলাম। উদ্বোধনী অনুষ্ঠানে আমেরিকা, বৃটেন, কানাডা, জাপান, অস্ট্রেলিয়া, ইরান, সিঙ্গাপুর, মালয়েশিয়া, কোরিয়া, ইন্দোনেশিয়া, ভারত, নেপাল, পাপুয়া নিউগিনির প্রতিনিধিগণ অংশ নেন। সম্মেলনের ৪ দিনে ২৫০ জন বিশেষজ্ঞ প্রবন্ধ উপস্থাপন করবেন। বুয়েট মাঠে প্রদর্শনীতে প্রায় ৬০টি দেশী-বিদেশী প্রতিষ্ঠান অংশ নেয়। অংশ নেয়া প্রতিষ্ঠানগুলোর মধ্যে রয়েছে আজিজ এন্ড কোম্পানী লিঃ, আণবিক শক্তি কমিশন, শক্তি ইঞ্জিনিয়ারিং লিমিটেড, মডার্ন ইরেকশন লিমিটেড, রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড, বিআরবি কেবলস, স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তর, মাইক্রো ইলেকট্রনিক্স লিমিটেড, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, পেডরোলো, হারুন ইঞ্জিনিয়ারিং লিমিটেড প্রভৃতি। উদ্বোধনী অনুষ্ঠানে চরম অব্যবস্থাপনা ছিল লক্ষণীয়। কাউন্সিল ভবনের অডিটোরিয়ামে জায়গা সংকুলান না হওয়ায় অনেক প্রতিনিধিকে দাঁড়িয়ে থাকতে দেখা যায়। অনেকে বসতে না পেরে স্থান ত্যাগ করেন। এমনকি সাংবাদিকদের জন্যও তেমন কোন ব্যবস্থা ছিল না। সাংবাদিকদের অনেকে ক্ষুব্ধ হয়ে চলে যান।